অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে গর্ভপাত পরিষেবা প্রদানকারীদের সহায়তার জন্য জাতির-নেতৃত্ব স্থানীয় 35 মিলিয়ন ডলার বিনিয়োগের ঘোষণা করেছেন

সুপ্রিম কোর্ট রো বনাম ওয়েডের রায় নাকচ করে দেবে এই প্রত্যাশায় গর্ভপাত প্রদানকারীদের প্রত্যক্ষভাবে সমর্থন করতে বড় মাপের বিনিয়োগ করে নিউ ইয়র্ক জাতিকে নেতৃত্ব দেয়

গর্ভপাত প্রদানকারীর ক্ষমতা প্রসারিত করতে এবং নিউ ইয়র্কে গর্ভপাত সংক্রান্ত পরিচর্যা চাওয়া রোগীদের অ্যাক্সেস নিশ্চিত করতে 25 মিলিয়ন ডলার নির্দেশিত করেন

প্রদানকারীদের এবং রোগীদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য নিরাপত্তা অনুদানের জন্য 10 মিলিয়ন ডলার চালু করেন

রাজ্য ডবস বনাম জ্যাকসন নারীদের স্বাস্থ্য সংস্থার সুপ্রিম কোর্টের প্রত্যাশিত সিদ্ধান্তের জন্য সময়পোচিত তহবিল বিতরণ শুরু করবে প্রদানকারীদের

গভর্নর ক্যাথি হোকল আজ সুপ্রিম কোর্টের রো বনাম ওয়েডের রায় নাকচ করার প্রত্যাশায় গর্ভপাত প্রদানকারীদের সরাসরি সমর্থন করার জন্য দেশের এক নেতৃস্থানীয় 35 মিলিয়ন ডলার বিনিয়োগ করার ঘোষণা করেছেন। গভর্নর হোকল স্বাস্থ্য বিভাগকে (Department of Health) গর্ভপাত প্রদানকারীদের জন্য একটি 25 মিলিয়ন ডলারের গর্ভপাত প্রদানকারীর সহায়তা তহবিল (Abortion Provider Support Fund) তৈরি করার নির্দেশ দিয়েছেন যাতে ধারণ ক্ষমতা প্রসারিত করা যায় এবং নিউইয়র্কে গর্ভপাত পরিষেবা চাইছেন এমন রোগীদের জন্য অ্যাক্সেস নিশ্চিত করা যায়। গভর্নর এই অত্যাবশ্যক পরিচর্যা সম্পাদন করছেন যে প্রদানকারীরা তাদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য ফৌজদারি বিচার পরিষেবা বিভাগের (Division of Criminal Justice Services) মাধ্যমে সুরক্ষার অনুদান অ্যাক্সেস করার জন্য প্রজনন স্বাস্থ্য পরিচর্যাকারীদের কেন্দ্রগুলির জন্য 10 মিলিয়ন ডলার প্রদান করার ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্ক সব সময় গর্ভপাতের অধিকারের জন্য লড়াইয়ের অগ্রভাগে থেকেছে, এবং নিউ ইয়র্কের প্রথম মহিলা গভর্নর হিসাবে, আমি আমাদের পিছিয়ে যেতে দেব না," **গভর্নর হোকল বলেন।** "আমি কখনই নিউ ইয়র্ককে পরিচর্যার প্রয়োজন মানুষদের জন্য একটি নিরাপদ আশ্রয়স্থল করার জন্য এবং অন্যান্য রাজ্যগুলির অনুসরণ করার জন্য একটি ব্লুপ্রিন্ট করে

তোলার জন্য লড়াই বন্ধ করব না। যাদের গর্ভপাতের প্রয়োজন তারা যাতে নিউ ইয়র্ক স্টেটে তা পেতে পারেন তার প্রকৃত গ্যারান্টি দেওয়ার জন্য আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রদানকারীদের কাছে তাদের প্রয়োজনীয় সংস্থান, ক্ষমতা এবং সুরক্ষা আছে। এই যুগান্তকারী তহবিলটি সেই সব ক্লিনিকদের যাদের আমাদের সাহায্যের প্রয়োজন, তাদের হাতে প্রয়োজনীয় সংস্থান তুলে দেবে -- আমাদের রাজ্যে গর্ভপাতের অ্যাক্সেস সুরক্ষিত করতে এবং দেশের বাকিদের জন্য অনুসরণ করার জন্য একটি উদাহরণ স্থাপন করতে।"

গর্ভপাত প্রদানকারীর সহায়তার তহবিল

গভর্নর হোকল আজ স্বাস্থ্য বিভাগকে রাজ্যের প্রথম গর্ভপাত প্রদানকারী তহবিল এবং দেশের সব চেয়ে বড় এই ধরনের তহবিল তৈরি করতে 25 মিলিয়ন ডলার বরাদ্দ করার নির্দেশ দিয়েছেন। স্বাস্থ্য বিভাগ প্রদানকারীদের কাছ থেকে অনুদান এবং প্রতিদান উভয় অনুরোধের জন্য একটি ত্বরান্বিত আবেদন প্রকাশ করবে এবং সুপ্রিম কোর্টের চূড়ান্ত সিদ্ধান্ত প্রকাশিত হওয়ার সময়ের মধ্যে প্রদানকারীদের কাছে তহবিল বিতরণ শুরু করবে।

প্রজনন স্বাস্থ্য কেন্দ্রের জন্য নিরাপত্তার অনুদান

গভর্নর হোকল ফৌজদারি বিচার পরিষেবা বিভাগকে (Division of Criminal Justice Services) গর্ভপাত প্রদানকারী এবং প্রজনন স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য তাদের সুবিধাগুলি আরও সুরক্ষিত করতে এবং রোগী ও কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা এবং সুরক্ষা মূলধন অনুদানের জন্য 10 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করার নির্দেশ দিয়েছেন। সংস্থাগুলিকে আবেদন করার জন্য একটি প্রস্তাবের অনুরোধ সুপ্রিম কোর্টের চূড়ান্ত সিদ্ধান্ত প্রকাশিত হওয়ার সময়ের মধ্যে জারি করা হবে বলে আশা করা হচ্ছে। এই নতুন তহবিলের প্রয়োগ গভর্নর হোকলের ঘৃণামূলক অপরাধের বিরুদ্ধে সম্প্রদায়গুলির সুরক্ষা কর্মসূচীর (Securing Communities Against Hate Crimes program) অনুকরণে তৈরি করা হবে, যা মতাদর্শ, বিশ্বাস, বা মিশনের জন্য ঘৃণামূলক অপরাধ বা আক্রমণের ঝুঁকিতে থাকা অলাভজনক সংস্থাগুলির মালিকানাধীন বা পরিচালিত ভবনগুলির নিরাপত্তা এবং সুরক্ষা ব্যবস্থা জোরদার করার জন্য অনুদান প্রদান করে।

গভর্নর হোকলের নেতৃতত্বে, নিউ ইয়র্ক গর্ভপাত পরিষেবা সহ মানসম্পন্ন, সাশ্রয়ী প্রজনন স্বাস্থ্যসেবার অ্যাক্সেস প্রদান করতে পদক্ষেপ গ্রহণ করেছে। আগে এই বছরে, স্বাস্থ্য বিভাগ টেলিমেডিসিনের মাধ্যমে গর্ভপাত সহ পরিষেবা সরবরাহের বাধাগুলি দূর করতে চিকিৎসাগত মানগুলির সাথে নিউ ইয়র্কের আইনকে সুবিন্যস্ত করে প্রবিধানগুলি চূড়ান্ত করেছে এবং গত সপ্তাহে প্রদানকারীদের গর্ভপাত পরিষেবা প্রদানের তাদের আইনি অধিকার সম্পর্কে নির্দেশিকা পাঠিয়েছে৷ গভর্নর একটি অ্যাবরশন অ্যাক্সেস ওয়ার্কিং গ্রুপও (Abortion Access Working Group) গঠন করেছেন, যা স্টেটের নীতিমালার বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে এবং কর্মক্ষেত্রের চাহিদার প্রতি সাড়া প্রদান করতে রোগীদের, সেবা প্রদানকারীদের ও প্রচারকদের সাথে নিয়মিত সাক্ষাত করছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার (New York State Health Commissioner) ড: মেরি টি. বাসেট বলেন, "গর্ভপাতের অধিকারগুলি নিউ ইয়র্ক রাজ্যের আইনে অন্তর্ভুক্ত করা আছে, এবং নিউ ইয়র্ক সব সময় যাদের তা প্রয়োজন, তাদের সকলকে গর্ভপাতের নিরাপদ অ্যাক্সেস প্রদান করবে। গভর্নর হোকলের নেতৃত্বকে ধন্যবাদ, আমরা যখন রোয়ের রায় নাকচ হওয়ার সম্মুখীন হচ্ছি, আমরা এই মৌলিক স্বাস্থ্যসেবা অধিকারগুলি খর্ব করব না, বরং সেগুলি প্রসারিত, বৃদ্ধি এবং প্রসারিত করব। এই দেশের নেতৃত্বপূ স্থানীয় তহবিল এবং বর্ধিত সহায়তার মাধ্যমে, আমরা সরাসরি সংস্থানগুলি সেই সব প্রদানকারীদের কাছে পৌঁছে দিচ্ছি যারা গর্ভপাত করতে চান এমন নিউ ইয়র্কবাসীদের এবং যারা এই পরিচর্যা পাওয়ার জন্য নিউ ইয়র্কে আসছেন - এবং থাকবেন, তাদের পরিচর্যা করছেন।"

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services) কমিশনার রোসানা রোসাডো বলেন, "গভর্নর হোকল নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে নিউ ইয়র্ক স্টেট, যা নারী অধিকার আন্দোলনের একটি জাতীয় নেতা, একজন মহিলার নির্বাচন করার অধিকার রক্ষা করার জন্য যা যা করা যায় তার সব কিছুই করে। আমরা জানি যে পরিবার পরিকল্পনা সংস্থাগুলি সাশ্রয়ী মূল্যের, নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করে তাদের প্রায়শই নিশানা করা হয় কারণ তারা প্রজনন স্বাস্থ্য পরিষেবাও প্রদান করে। এই নিরাপত্তা অনুদানগুলি এই সংস্থাগুলিতে পরিচর্যা নেওয়ার জন্য কর্মীদের এবং ব্যক্তিদের নিরাপত্তা বাড়াতে সাহায্য করবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা আন্ডরিয়া স্টুয়ার্ট-কাজিন বলেন, "অধিকারগুলি কেবল ততটাই কার্যকর যতটা সেগুলি অ্যাক্সেস করার আপনার ক্ষমতা আছে, বিশেষত সময়-সংবেদনশীল প্রজনন পরিচর্যার জন্য। যখন নিউ ইয়র্ক প্রো-চয়েস লড়াইয়ের জাতীয় স্তরের অগ্রভাগে দাঁড়িয়ে আছে, তখন আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে এই পরিষেবাগুলি পর্যাপ্তভাবে সমর্থিত হয় যাতে সংস্থানগুলির অপ্রতুলতার কারণে কেউ পরিচর্যা থেকে বঞ্চিত না হয়। রো বনাম ওয়েডকে রাষ্ট্রীয় আইনে একীভূত করার জন্য সিনেটের সংখ্যাগরিষ্ঠদের দ্বারা নেওয়া পদক্ষেপগুলি ছাড়াও, যা আমাদের সুপ্রিম কোর্টের কোনো সিদ্ধান্তকে প্রতিরোধ করতে দেবে, আমরা সক্রিয়ভাবে আমাদের প্রজনন স্বাস্থ্যসেবা খাতকে শক্তিশালী করছি এবং নিশ্চিত করছি যে তারা যেন রোগীদের বৃদ্ধি সামাল দিতে পারে।"

বিধানসভার স্পিকার কার্ল হেস্টি বলন, "নিউ ইয়র্ক ছিল প্রথম রাজ্য যা 1970 সালে মহিলাদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষার জন্য আইন প্রণয়ন করে, রো বনাম ওয়েড ফেডারেল সুরক্ষার প্রদান করার মাত্র তিন বছর আগে। 50 বছরেরও বেশি সময় পরে, মার্কিন সুপ্রিম কোর্ট আমাদের সময়ে পিছিয়ে নিয়ে যেতে পারে এবং পরিবার পরিকল্পনা পরিষেবাগুলিতে মহিলাদের অ্যাক্সেস বিপন্ন করতে পারে। নিউ ইয়র্কে মহিলাদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসাবে গণ্য করা হবে না এবং তাদের শরীরের ক্ষেত্রে তারা কি করবেন তা বলে দেওয়া হবে না। এই রাজ্যে সরবরাহকারীদের সংস্থানগুলিকে শক্তিশালী করার জন্য আমার অ্যাসেম্বলি সহকর্মীরা এবং আমি গভর্নর হোকল এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ড-কাজিনদের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত, যাতে নিশ্চিত করা যায় যে তারা যে মানুষদের পরিষেবা প্রদান করেন তাদের অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা চাহিদাগুলি পূরণ করতে তারা সক্ষম হন।"

রাজ্য সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "নারী বিষয়ক সিনেটের স্থায়ী কমিটির (Senate Standing Committee on Women's Issues) সভাপতি হিসাবে, আমি প্রজনন স্বাধীনতা এবং ইক্যুইটি প্রোগ্রামকে (Reproductive Freedom and Equity Program) সমর্থন করার জন্য তার প্রাথমিক 25 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতির জন্য গভর্নরের প্রশংসা করি। আমি এই তহবিল তৈরি করতে এবং নিউ ইয়র্ক যাতে মহিলাদের স্বাস্থ্য এবং প্রজনন স্বাধীনতার জন্য একটি আলোকবর্তিকা হয় তা নিশ্চিত করার জন্য বিলগুলির গুচ্ছ পাস করার জন্য আমার সমস্ত সহকর্মীদের সাথে অক্লান্ত পরিশ্রম করার অঙ্গীকার করছি।"

পরিকল্পিত প্যারেন্টহুড এম্পায়ার স্টেট অ্যাক্টসের (Planned Parenthood Empire State Acts) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং সিইও জর্জনা হ্যানসন বলেন, "এটি গর্ভপাত প্রদানকারী নেটওয়ার্কের একটি ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ বিনিয়োগ যা আমাদের রাজ্য জুড়ে পরিচর্যা প্রদানের ক্ষমতা প্রসারিত করতে এবং আমাদের রোগী, প্রদানকারী এবং কর্মীদের নিরাপত্তা আরও সুরক্ষিত করতে ব্যবহার করা হবে। আমরা জানি এটি একটি দীর্ঘ লড়াই হবে, যেখানে চলার পথের প্রতিবন্ধকতা সৃষ্টি হতে থাকবে। এক সাথে, নিউ ইয়র্ক শারীরিক স্বায়ত্তশাসন, প্রজনন অধিকার এবং গর্ভপাতের পরিচর্যা পাওয়ার স্বাধীনতার জন্য একটি আলোকবর্তিকা হয়ে থাকে তা নিশ্চিত করার জন্য আমাদের যথাসাধ্য করতে হবে। এই শীর্ষ মুহূর্তে গভর্নরের নেতৃত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই বিনিয়োগ অপরিহার্য। আমরা গভর্নর এবং আইনসভার সাথে NY-তে গর্ভপাতের পরিচর্যার নাগাল সেই সব মানুষদের যাদের তা প্রয়োজন পৌঁছে দেওয়ার জন্য আমাদের কাজ অব্যাহত রাখার অপেক্ষায় রয়েছি, তারা যারাই হন, যেখানেই বাস করুন বা যত অর্থ আয় করুন না কেন।"

ন্যাশনাল ইনস্টিটিউট ফর রিপ্রোডাক্টিভ হেলথ অ্যাকশন ফান্ডের প্রেসিডেন্ট আন্ডরিয়া মিলার বলেন, "একটি আদর্শ বিশ্বে, গর্ভপাতের পরিচর্যা অ্যাক্সেসের জন্য কাউকে তাদের সম্প্রদায় ছেড়ে যেতে হবে না। কিন্তু সুপ্রিম কোর্ট যখন রাজ্যগুলির গর্ভপাত নিষিদ্ধ করার পথ পরিষ্কার করেছে, তখন আমরা আশা করি যে সারা দেশ জুড়ে মানুষ পরিচর্যার জন্য নিউ ইয়র্কের উপর নির্ভর করবেন। এই 25 মিলিয়ন ডলারের বরাদ্দকরণের মাধ্যমে, গভর্নর হোকল আমাদের রাজ্যকে প্রস্তুত রাখতে রাজ্য জুড়ে প্রদানকারীদের ধারণ ক্ষমতা এবং ক্লিনিকের নিরাপত্তা সম্প্রসারণ করে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন। এই বরাদ্দকরণের পাশাপাশি, নিউ ইয়র্কে গর্ভপাতের পরিচর্যা পেতে চাওয়া সমস্ত ব্যক্তি আর্থিক বাধা ছাড়াই তা করতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা তহবিল পেতে আইনসভার সাথে কাজ চালিয়ে যাব।"

প্ল্যানড প্যারেন্টহুড অফ সেন্ট্রাল অ্যান্ড ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Planned Parenthood of Central and Western New York) প্রেসিডেন্ট ও সিইও মিশেল ক্যাসি বলেন, "একজন প্রদানকারী হিসাবে, তহবিলের একটি সময়োপযোগী আধান নিশ্চিত করে যে আমরা এই মুহূর্তটি পূরণ করার জন্য আমাদের ক্ষমতা বাড়াতে পারি। আজ, আমরা আমাদের সম্প্রদায়ের প্রয়োজন মেটাতে অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হই, এবং সেই প্রয়োজনটি কেবল বাড়বেই যখন আমাদের দেশের রাজ্যগুলি গর্ভপাতের নাগাল কঠোরভাবে সীমিত বা নিষিদ্ধ করে। প্রত্যেকের নিজের শরীর, জীবন এবং ভবিষ্যত নিয়ন্ত্রণ করার ক্ষমতা আছে তা নিশ্চিত করার জন্য আমরা লড়াই করছি। আমরা বিশ্বাস করি আপনার শরীর আপনার নিজের। আপনি এবং কেবল আপনি নিজে

আপনার ব্যক্তিগত চিকিৎসার সিদ্ধান্ত নিয়ন্ত্রণ করা উচিত। কোন রাজনীতিবিদ, কোন নিষেধাজ্ঞা, এবং কোন আদালতের রায় আপনার গর্ভপাতের নাগাল পাওয়ার ক্ষমতাতে কখনও হস্তক্ষেপ করা উচিত নয়। গর্ভপাতের পরিচর্যার বিশ্বস্ত প্রদানকারী হিসাবে, আমরা নিশ্চিত করতে চাই যে উচ্চ মানের এবং সময়পোচিত পরিচর্যা তাদের কাছে উপলব্ধ হয় যারা এটি চান। এই তহবিল সেই মিশনকে বাস্তবে পরিণত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের (New York Civil Liberties Union) নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন, "আমাদের রাজ্য পাঁচ দশক আগে প্রথম তাদের কাছে দরজা খুলে দিয়েছিল যাদের গর্ভপাতের পরিচর্যার প্রয়োজন, এবং আদালত রোয়ের সিদ্ধান্ত নেওয়ার তিন বছর আগে। যখন ফেডারেল প্রজনন অধিকার ধ্বংস করা হচ্ছে এবং রাজ্যগুলি অ্যাক্সেস নিষিদ্ধ করে চলেছে, নিউ ইয়র্ক এমন মানুষদের জন্য একটি আলোকবর্তিকা হবে যাদের গর্ভপাতের পরিচর্যার প্রয়োজন — মহিলা, মেয়ে, ট্রান্সজেন্ডার পুরুষ এবং নন-বাইনারি ব্যক্তি সহ। আজ নিউ ইয়র্কে, প্রজনন স্বাস্থ্য আইন (Reproductive Health Act) আমাদের জনস্বাস্থ্য আইনে গর্ভপাতকে সুরক্ষিত করে — কিন্তু তা যথেষ্ট নয়। সত্যিকারের পথের নেতৃত্ব দিতে এবং অর্থপূর্ণ অ্যাক্সেস তৈরি করতে, নিউ ইয়র্ককে আরও অনেক কিছু করতে হবে, এবং আজ, নিউইয়র্ক গর্ভপাতের পরিচর্যার জন্য 25 মিলিয়ন ডলার প্রদান করে এই মুহূর্তটি পূরণ করার জন্য একটি প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। আমরা গর্ভপাত বন্ধ করতে পারি না যতক্ষণ না গর্ভপাত যাদের প্রয়োজন, তাদের জন্য অ্যাক্সেসযোগ্য হয়। নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়ন (New York Civil Liberties Union, NYCLU) একটি সমতা সংক্রান্ত সংশোধনী পাস করে নিউ ইয়র্ক আমাদের রাষ্ট্রীয় সংবিধানে সুরক্ষা তৈরি করে তা নিশ্চিত করার জন্য অক্লান্ত পরিশ্রম করবে, পরিচর্যা অ্যাক্সেস করার জন্য প্রয়োজনীয় তহবিল বিনিয়োগ করবে, এবং নিশ্চিত করবে যার পরিচর্যার প্রয়োজন টিনি যেন জানেন যে নিউ ইয়র্কে গর্ভপাত আপনার অধিকার।"

আমেরিকান কলেজ অফ অবস্টেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্ট ডিস্ট্রিক্ট II (American College of Obstetricians and Gynecologists District II) এর নির্বাহী পরিচালক ক্রিস্টা আর ক্রিস্টাকিস বলেন, "আমেরিকান কলেজ অফ অবস্টেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্টস (American College of Obstetricians and Gynecologists, ACOG) ডিস্ট্রিক্ট II গভর্নর হোকল এবং নির্বাচিত কর্মকর্তাদের সাথে থাকতে পেরে গর্বিত যারা আমাদের দেশের ইতিহাসের এই সংকটময় মুহূর্তে ওব-গাইন সহ গর্ভপাতের পরিচর্যাকারীদের জন্য তহবিলকে অগ্রাধিকার দেওয়ার গুরুত্ব বোঝেন। তাদের দ্রুত প্রতিক্রিয়া এবং সক্রিয় পদক্ষেপ আমাদের রাজ্যে অ্যাক্সেস সমর্থন করার তাৎক্ষণিক প্রয়োজনীয়তা পূরণ করে। যারা গর্ভপাতের পরিচর্যা চাইছেন তাদের বহু প্রতিবন্ধকতা আমরা পূরণ করতে পারি তা নিশ্চিত করতে আমরা অতিরিক্ত সক্রিয় কাজ এবং অংশীদারিত্বের জন্য উন্মুখ।"

###